



36522 - যবে ব্যক্তি ভুলবশতঃ কথিবা অজ্ঞেতাবশতঃ কোন একটা নিষিদ্ধ কাজে লিপ্ত হয়ছে

প্রশ্ন

প্রশ্ন: ইহরামকারী যদি ভুলবশতঃ কথিবা অজ্ঞেতাবশতঃ কোন একটা নিষিদ্ধ কাজে লিপ্ত হয় যাত লিপ্ত হওয়ার হারাম;
তখন এর হুকুম কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

আলহামদুলিল্লাহ।

শাইখ উছাইমীন বলেন: যদি ভুলবশতঃ কথিবা অজ্ঞেতাবশতঃ কোন একটা নিষিদ্ধ কাজে লিপ্ত হয় তাহলে তার উপর কোন
কিছু বর্তাবে না। কিন্তু, তার ওজর দূর হওয়ার সাথে সাথে সে নিষিদ্ধ কাজ থেকে বরিত হওয়া কর্তব্য। ওয়াজবি হচ্ছ-
ভুলকারীকে মনে করিয়ে দয়ো ও অজ্ঞেতা লোককে জ্ঞেগনদান করা।

উদাহরণতঃ- কোন ইহরামকারী যদি ভুলবশতঃ জামা পরে ফলে তাহলে তার উপর কোন কিছু বর্তাবে না। কিন্তু, স্মরণ
হওয়ার সাথে সাথে জামাটি খুলে ফলেতে হবে। অনুরূপভাবে কটে যদি ভুলবশতঃ পায়জামা পরে থাকে, নয়িত বাঁধা ও তালবিয়া
পড়ার পর স্মরণে আসে তাহলে সাথে সাথে পায়জামা খুলে ফলেতে হবে এবং তার উপর কোন কিছু বর্তাবে না। অনুরূপ বধিান
অজ্ঞেতা ব্যক্তির ক্ষেত্রেও প্রযোজ্য। অজ্ঞেতের উপরেও কোন কিছু বর্তাবে না। উদাহরণতঃ গঞ্জেতি সলোই না থাকায়
কটে যদি এই মনে করে গঞ্জেতি পরে যে, নিষিদ্ধ হচ্ছ- সলোইযুক্ত পোশাক পরা; তাহলে তার উপর কোন কিছু বর্তাবে না।
কিন্তু, যখনই সে জানতে পারবে যে, গঞ্জেতির মধ্যে সলোই না থাকলেও ইহরাম অবস্থায় গঞ্জেতি পরা নিষিদ্ধ পোশাকের
অন্তর্ভুক্ত তাহলে সাথে সাথে গঞ্জেতি খুলে ফেলো কর্তব্য।

এ ক্ষেত্রে সাধারণ নীতি হল: কোন মানুষ যদি ভুলবশতঃ কথিবা অজ্ঞেতাবশতঃ কথিবা জবরদস্তরি শকার হয়ে ইহরাম
অবস্থায় কোন নিষিদ্ধ কাজে লিপ্ত হয় তাহলে তার উপর কোন কিছু বর্তাবে না। দলিল হচ্ছ আল্লাহর বাণী: “হে আমাদের
রব্ব! যদি আমরা বস্মিত হই অথবা ভুল করতিবে আপনি আমাদেরকে পাকড়াও করবেন না।”[সূরা বাকারা, আয়াত: ২৮৬]
আল্লাহ তাআলা বলেন: আমি সটোই করব। আরও দলিল হচ্ছ আল্লাহর বাণী: “আর এ ব্যাপারে তোমরা কোন অনচ্ছাকৃত
ভুল করলে তোমাদের কোন অপরাধ নই; কিন্তু তোমাদের অন্তর যা স্বচ্ছায় করছে (তা অপরাধ), আর আল্লাহ্ ক্షমাশীল,
পরম দয়ালু।”[সূরা আহযাব, আয়াত: ৫] ‘শকার-করা’ প্রসঙ্গে আল্লাহ তাআলা বলেন; যা ইহরাম অবস্থায় নিষিদ্ধ:
“তোমাদের মধ্যে কটে ইচ্ছ করে সটোকে হত্যা করলে...।”[সূরা মায়দি, আয়াত: ৯৫] এ ক্ষেত্রে ইহরামের নিষিদ্ধ বিষয়



পোশাক, সুগন্ধি ও এ জাতীয় অন্য কিছু হোক কিংবা শকার করা, মাথার চুল মুণ্ডন করা ও এ জাতীয় অন্য কোন নষিদ্ধ বিষয় হোক— হুকুমের মধ্যে কোন পার্থক্য নাই। যদিও কোন কোন আলমে এ দুটোর মধ্যে পার্থক্য করছেন। তবে, বশিদ্ধ মত হচ্ছে- পার্থক্য নাই। কারণ এটি এমন নষিদ্ধ কর্ম; অজ্ঞতা, ভুল ও জবরদস্তরি কারণে যে ক্ষতেরে মানুষেরে ওজর গ্রহণযোগ্য।